তথ্য সংক্ষেপ

# NYC -তে বন্যার ঝুঁকি

নিউ ইয়র্ক সিটি তার নিবিড়ভাবে ব্যবহৃত ওয়াটারফ্রন্ট এবং তার ব্যাপক উপকূলীয় ভৌগলিক অবস্থানের কারণে মাত্রাতিরিক্তভাবে উপকূলীয় ঝড় বন্যাপ্রবণ। বন্যার ক্ষমতা আছে ঘরবাড়ি ও ব্যবসা ধ্বংস করার, পরিকাঠামোর ক্ষতিসাধন করার, এবং মানুষের নিরাপত্তা ঝুঁকির মুখে ফেলে দেওয়ার। জলবায়ু পরিবর্তন ও সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির সঙ্গে, এই ঝুঁকি ভবিষ্যতে বৃদ্ধি পাবে আশা করা যায়, কিন্তু সবচেয়ে বিরূপ প্রভাব ফেলবে নিচু এলাকাগুলোতে।

## বন্যার ঝুঁকি

**হারিকেন, গ্রীষ্মমন্ডলীয় ঝড়, নর ইস্টার, তীব্র বৃষ্টি ঝড়, এবং এমনকি চরম উচ্চ জোয়ার এন.ওয়াই.সি.-এর বন্যার প্রাথমিক কারণ।**

**নির্মাণের জন্য কোড, আঞ্চলিকতা, এবং পরিকল্পনার উদ্দেশ্য, এন.ওয়াই.সি বন্যা ঝুঁকি FEMA এর 2015 বন্যা পূর্ববর্তী বীমা হারের মানচিত্রে (PFIRMs) উপর উপস্থাপিত হয়।**


- 1% বার্ষিক বন্যা হওয়া সম্ভাবনার একটি বন্যার ঘটনার সময় বন্যার জলের ব্যাপ্তি কতটা ওঠে বলে আশা করা হচ্ছে, তা PFIRMs-এ দেখায় । এই উচ্চতা মানচিত্রে বেস ফ্লাড এলিভেশন (BFE) হিসাবে সূচিত করা হয়।
- 1% বার্ষিক সম্ভাবনা প্লাবনভূমিকে মাঝে মাঝে 100 বছরের প্লাবনভূমি হিসেবে অভিহিত করা হয়। যাইহোক, এই শব্দটি বিভ্রান্তিকর যেহেতু এই বন্যা 100 বছরের মধ্যে একাধিক বার ঘটতে পারে। 1% বার্ষিক সম্ভাবনার প্লাবনভূমিতে, একটি 30 বছর বন্ধকী জীবনে বন্যার 26% সম্ভাবনা আছে।

**বন্যা বীমার উদ্দেশ্যের জন্য, FEMA এর 2007 বন্যা বীমা হারের মানচিত্র (FIRMs) পড়ুন।** একটি যুক্তরাষ্ট্রীয়ভাবে বীমাকৃত বন্ধকী সঙ্গে 1% বার্ষিক সম্ভাবনার প্লাবনভূমির বাড়ির সকল সম্পত্তির মালিকদের বন্যা বীমা ক্রয় আইনের অধিভুক্ত করা হয়।

| আনুমানিকভাবে কে এবং কি 1% বার্ষিক সম্ভাবনার প্লাবনভূমির দ্বারা প্রভাবিত হয়? * | |
|---|---|
| অধিবাসী | 4,00,000 |
| চাকরি | 2,91,000 |
| বাড়ি | 72,000 |
| 1-4 পরিবারের বাড়ি | 53,000 |
| একাধিক পরিবারের বাড়ি | 5,000 |
| আবাসিক ইউনিট | 1,83,000 |
| তলদেশের আয়তন (বর্গ. ফুট.) | 532M |

**এই সিটির প্লাবনভূমিতে বসবাসকারী নিউ ইয়ার্কবাসীদের সংখ্যা ক্লিভল্যান্ড, ওহাইও, টাম্পা, ফ্লোরিডা, বা সেন্ট লুইস, এম.ও-এর সমগ্র জনসংখ্যার চেয়ে বেশি।**

**এই সংখ্যাগুলি FEMA-এর PFIRMs 2015-এর উপর ভিত্তি করে। 2016 সালের অক্টোবরে, FEMA ঘোষণা করে সিটি PFIRMs-এ তার আপিল জিতেছে এবং নিউ ইয়র্ক সিটি তার বন্যা মানচিত্রের সংশোধন করতে রাজি হয়েছে। এখনের জন্য, 2015 PFIRMs ব্যবহৃত হচ্ছে বাড়ির কোড, আঞ্চলিকতা, এবং পরিকল্পনার উদ্দেশ্যে, যখন 2007 FIRMsটি বন্যা বিমার জন্য ব্যবহৃত হয়ে চলছে। আপিলের আরও তথ্যের জন্য দেখুন www.nyc.gov/floodmaps।*




প্লাবনভূমির 1% বার্ষিক সম্ভাবনা তিনটি এলাকায় বিভক্ত—V অঞ্চল,উপকূলীয় A অঞ্চল, ও A অঞ্চল—এবং প্রত্যেক এলাকার বন্যার ঝুঁকির আলাদা মাত্রা আছে। V এবং উপকূলীয় A অঞ্চল জলোচ্ছ্বাসপ্রবণ, যেখানে A অঞ্চলের বাকী অংশ বন্যাপ্রবণ কিন্তু জলোচ্ছ্বাসপ্রবণ নয়। মানচিত্রটি সবসময় 0.2% বার্ষিক সম্ভাবনার প্লাবনভূমি, ছায়াবৃত X অঞ্চল হিসাবে সূচিত করে,যার A অঞ্চলের তুলনায় একটি নিম্নতর বার্ষিক বন্যার সম্ভাবনা আছে।


# ভবিষ্যতে বন্যার ঝুঁকি

### জলবায়ুর পরিবর্তনের সঙ্গে, উপকূলীয় ঝড়ের ঢেউ,প্রচন্ড বৃষ্টি, এবং পূর্ণ জোয়ার বৃদ্ধি পাবে।

- শেষ একশত বছরে এন.ওয়াই.সি-এর সমুদ্র স্তর ইতিমধ্যে এক ফুট বেড়ে গেছে।
- জলবায়ু পরিবর্তনের ওপর নিউ ইয়র্ক সিটি প্যানেলের মতানুসারে, অনুমান করা হয় সমুদ্রস্তর 2050 সালের মধ্যে 8 থেকে 30 ইঞ্চি বৃদ্ধি পাবে,এবং শতাব্দী শেষের মধ্যে যতদূর সম্ভব 15 থেকে 75 ইঞ্চি।
- সমুদ্রস্তরের বৃদ্ধি বিশেষ করে নিম্ন অংশের এলাকাগুলোতে ঘনঘন, সম্ভাব্য দৈনিক, জোয়ারের প্লাবনের প্রধান কারণ হবে। এইধরনের বন্যা তীব্র ঝড়ের তুলনায় কম ক্ষতি সাধন করে, কিন্ত উপদ্রব করতে পারে এবং জনসাধারণের সুরক্ষা ও সিটি সার্ভিসের ওপর একটি গুরুত্বপূর্ণ দীর্ঘস্থায়ী প্রভাব রয়েছে।

### উচ্চ সমুদ্রস্তর মানে ভবিষ্যতে 1% বার্ষিক বন্যার সম্ভাবনা যা একটি বিস্তীর্ণ অঞ্চল জুড়ে আসবে এবং বেশি মানুষের ওপর প্রভাব ফেলবে।

- 2050 সালের মধ্যে, 1% বার্ষিক সম্ভবনা প্লাবনভূমিতে বসবাসকারী জনসাধারণের সংখ্যা দ্বিগুনের বেশি হয়ে যেতে পারে।
- গুরুতর ঝড়ের বার্ষিক সম্ভাবনাও বৃদ্ধি পাবে। যা আজকের দিনে 1% বার্ষিক ঝড়ের সম্ভাবনা তা 2050 সালের মধ্যে 3% বার্ষিক ঝড় হওয়ার সম্ভাবনার কাছাকাছি হয়ে যাবে।



2015 PFIRMs 1% বার্ষিক সম্ভাবনার প্লাবনভূমি

2050 সালের অভিক্ষিপ্ত ভবিষ্যতের 1% বার্ষিক সম্ভাবনার প্লাবনভূমি

তথ্য সূত্র: 2015 FEMA PFIRMs এবং এনওয়াইসি MapPLUTO সংস্করণ 13-এর উপর ভিত্তি করে বর্তমান প্লাবনভূমির প্রভাব। জলবায়ু পরিবর্তন বিষয়ক নিউ ইয়র্ক সিটি প্যানেল থেকে ভবিষ্যত বন্যা ঝুঁকির তথ্য এবং তথ্য (2015); SLR এবং MapPLUTO সংস্করণ 13-এর 90 তম শতকরা অভিক্ষেপের উপর ভিত্তি করে ভবিষ্যতে বন্যা অঞ্চল প্রভাব বিশ্লেষণ।

## জেনে রাখার বিষয়

**1% বার্ষিক সম্ভাবনার প্লাবনভূমি**: এলাকাটি যে কোনো বছরে যেখানে 1% বন্যার সম্ভাবনা আছে, FEMA-এর বন্যা বীমা হারের মানচিত্রে মনোণীত।

**বেস ফ্লাড এলিভেশান (BFE)**: FEMA-এর বন্যা বীমা হারের মানচিত্রে দেখানো ফুট হিসাবে গণনা করা উচ্চতা যার বন্যার জল বেড়ে ওঠে বলে প্রত্যাশা করা হয় 1% বার্ষিক ঝড়ের সম্ভাবনা চলাকালীন।

**উপকূলীয় ঝড়**: নর ইস্টারস্, ক্রান্তীয় ঝড়, এবং হ্যারিকান এর অন্তর্ভূক্ত।

**নিম্ন অঞ্চলের এলাকা**: এলাকাগুলো যেগুলোর সমুদ্রপৃষ্ঠের তুলনায় নিম্নউচ্চতা আছে এবং বিশেষত বন্যাপ্রবণ।

**প্লাবনভূমির মধ্যে দিয়ে আঞ্চলিকতা ও বন্যার ঝুঁকি কমানোর জন্য ভূমি ব্যবহারের কৌশল সনাক্ত করার জন্য এবং সিটির জীবনীশক্তি ও স্থিতিস্থাপকতা সমর্থন করার জন্য দীর্ঘস্থায়ী অভিযোজিত পরিকল্পনার মাধ্যমে সিটি পরিকল্পনা কমিউনিটির সঙ্গে কাজ করছে। আরও জানার জন্য, দেখুন www.nyc.gov/resilientneighborhoods.**

**সিটি পরিকল্পনার বিভাগ সম্পর্কিত**

**সিটি পরিকল্পনার বিভাগ (DCP) সিটির জন্য কৌশলগত বিকাশ ও উন্নয়ন কমিউনিটির সাথে তৃনমূল স্তরের পরিকল্পনার মাধ্যমে, ভূমির ব্যবহার পলিসির উন্নয়ন ও আঞ্চলিকতার বিধিনিয়ম, এবং সিটির 10 বছরের কৌশলের আয়োজনের জন্য এর অবদান পরিকল্পনা করে। আরও তথ্যের জন্য, দেখুন: nyc.gov/data-insights**